উল্লাপাড়া উপজেলা পরিষদের অক্টোবর-২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ আবু সালেহ্ মোহাম্মদ হাসনাত
প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব), উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া।

সভার তারিখ ঃ ২৯-১০-২০২৪ খ্রিঃ । সময় ঃ সকাল ১১.০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " তে এবং উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট " খ" তে সংযুক্ত।

সভাপতি সভায় উপস্থিত উপজেলা পরিষদের মাসিক সভার সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা মাসিক সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	গত সভার কার্যবিবরণী অনুমোদন	সেপ্টেম্বর/২০২৪ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অদ্যকার সভায় তা অনুমোদন করা হলো।	সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি
০২	গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা	সেপ্টেম্বর/২০২৪ মাসের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন আছে।	সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি
০৩	**উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া নিম্নোক্তভাবে তার দপ্তরের কার্যক্রমের বিষয়ে সভাকে অবহিত করেন। উপজেলার মোট ৭০টি কমিউনিটি ক্লিনিকে স্বাস্থ্য সেবা নিশ্চিত করা হয়েছে। সিএমবি এ মাঠ পর্যায়ে ১৬ জনের প্রশিক্ষণ আছে । এ এনসি ১-১২৫, এ এনসি২-৯৫, এ এনসি৩-৭০, এ এনসি৪-৬৫। হাসপাতালে ই ও সি সেবা খাতে প্রতিবেদনাধীন মাসে এনভিডি ৪৮ জন, সিজার ০৮ জন। যক্ষা পরীক্ষা ৭১৮, কেস ৭৬, লেপ্রসি পরীক্ষা ০৭, কেস ০০। এ আর আই রোগী সেবা ২১, ডায়রিয়া সেবা ১৭৫, জন্ম ৮৭৮, মৃত্যু ৯০, চিকিৎসা প্রাপ্ত রোগী বহিঃ ৬৭৩৪, অন্তঃ ৫৬৮, জরুরী ১৪৫১। ইপিআই সেবা ৯৬%, বেড অকুপেন্সি রেট ৯১%। এছাড়া গত ২৪ অক্টোবর ২০২৪ হতে এইচপিভি টিকার ক্যাম্পেইন চলমান রয়েছে। এইচপিভি ক্যাম্পেইন উল্লাপাড়া উপজেলায় টার্গেট ২১০১৫ জন, তন্মধ্যে ১৬৮৯১ জনের রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে এবং তৃতীয় দিনের ক্যাম্পেইন শেষে ৫৫৪৫ জন টিকাপ্রাপ্ত হয়েছেন।	উপজেলার ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিকগুলোতে স্বাস্থ্য সেবার গুনগতমান নিশ্চিত করতে নিয়মিত মনিটরিং জোরদার করাসহ ক্লিনিকগুলোতে সেবা মূল্য তালিকা প্রদর্শন নিশ্চিত করতে হবে। ৪৫ দিনের মধ্যে শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করতে নিবন্ধন ছাড়া কোন শিশুকে ১ম ডোজ টিকা প্রদান না করতে নির্দেশনা প্রদান করতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া
০৪	**উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া** সভায় উপস্থিত উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া এর প্রতিনিধি জানান ছাগলের পিপিআর রোগ নির্মুলের জন্য প্রায় ৬৫৪০০ টি ছাগলের বিনামূল্যে পিপিআর ভ্যাকসিন দেওয়া হয়েছে। এছাড়া টিকা বিতরণ, গবাদি পশুর চিকিৎস্যা প্রদান, ঘাষ চাষ, কৃত্রিম প্রজনন কার্যক্রম এবং অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	গবাদি পশুর টিকা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। গবাদি পশুর সুরক্ষায় প্রয়োজনীয় পরামর্শ/সচেতনতামূলক কার্যক্রম জোরদার করতে হবে।	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া
০৫	**উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া** সভায় উপস্থিত উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া জানান জেলা কৃষি পুনর্বাসন কমিটির ২২/১০/২০২৪ খ্রি. তারিখের সিদ্ধান্ত মোতাবেক কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় রবি/২০২৪-২০২৫ মৌসুমে হাই ব্রীড বোরো ধানের উৎপাদন বৃদ্ধির জন্য ২৬০০ জন/বিঘা বরাদ্দ পাওয়া গেছে। একজন কৃষক ০১(এক) বিঘা জমির হাইব্রীড ধান আবাদের জন্য ০২(দুই) কেজি বীজ সহায়তা পাবেন। বিএডিসি (বীজ) হাইব্রীড বীজ সরবরাহ করবেন। যদি প্রয়োজনীয় পরিমান বীজ সরবরাহ করতে না পারে তখন বেসরকারি প্রতিষ্ঠান/আমদানি কারক/বীজ ডিলারের নিকট হতে ক্রয় করা যাবে মর্মে সিদ্ধান্ত গৃহীত	সারের মজুদ ও বিপনন নিয়মিত মনিটরিং অব্যাহত রাখতে হবে। সারে নিয়ে কেউ যেন কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সেবিষয়ে সর্তক থাকতে হবে। প্রনোদনা বিতরণের ক্ষেত্রে প্রকৃত কৃষক যাচাই বাছাই নিশ্চিত করতে।	উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া

<table>
<tr><td></td><td>হয়। ২৮/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত সারের মজুদ পরিস্থিতি সন্তোষজনক। ইউরিয়া ৪৫৫ মেঃ টন, টিএসপি ২১০ মেঃ টন, এমওপি ১৮৫ মেঃ টন, ডিএপি ৩৩০ মেঃ টন। সারের কৃত্রিম সংকট সৃষ্টি প্রতিরোধে বাজার মনিটরিং কার্যক্রম চলমান আছে।</td><td></td><td></td></tr>
<tr><td>০৬</td><td>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া

সভায় উপস্থিত সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া জানান মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৪ উপলক্ষে হাট বাজার পরিদর্শন ও অভিযান পরিচালনা চলমান আছে। পাশাপাশি সচেতনতামূলক সভার মাধ্যমে মা ইলিশ সংলক্ষণ অভিযান বিষয়ে সচেতন করা হচ্ছে। মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে নদী নালা খাল বিলে চায়না দুয়ারী জালসহ অবৈধ জাল উচ্ছেদের অভিযান চলমান রয়েছে। মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।</td><td>উপজেলার বিভিন্ন বাজার ও আড়তে অবৈধ জাটকা ইলিশ, জেলি মিশ্রিত চিংড়ী, পিরানহা, আফ্রিকান মাগুর ক্রয়-বিক্রয় ও সরবরাহ বন্ধে অভিযান জোরদার করতে হবে।
কারেন্ট জাল ও চায়না দুয়ারী জাল উৎপাদনকারী, সরবরাহকারী, ক্রয়-বিক্রয়কারী ও ব্যবহারকারীদের বিষয়ে তথ্য দিয়ে সহযোগিতা করতে হবে।</td><td>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া

ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া</td></tr>
<tr><td>০৭</td><td>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া

২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি/উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট দপ্তর ও ইউপি চেয়ারম্যানগণকে পত্র প্রেরণ করা হয়েছে। প্রেরিত পত্রের ভিত্তিতে গত ২৮/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ০৮টি ইউনিয়ন হতে প্রকল্প তালিকা দাখিল করা হয়েছে। অবশিষ্ট ০৬টি ইউপি ও সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে দ্রুততম সময়ের মধ্যে প্রকল্প তালিকা দাখিলের জন্য অনুরোধ জানানো হলো।

২। ২০২৪-২০২৫ অর্থ বছরে বাসাবাড়ী মেরামত খাতে উপজেলা পরিষদের আবাসিক ভবন মল্লিকা এর ছাদ এবং উপর তলার একটি ইউনিট মেরামত করা প্রয়োজন। একটি পিআইসি'র মাধ্যমে উক্ত মেরামত কাজ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

৩। তিনি আরও জানান উপজেলা পরিষদের সেপ্টেম্বর, ২০২৪ মাসের মাসিক সভায় উপজেলা পরিষদ চত্বরের প্রশাসনিক ভবন, আবাসিক ভবন, অভ্যান্তরীণ রাস্তা, ড্রেন সংস্কার/মেরামত করার লক্ষ্য প্রাক্কলন প্রস্তুত করার জন্য তাকে দায়িত্ব প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন, আবাসিক ভবন, রাস্তা মেরামত ও ড্রেন নির্মানের জন্য নিম্নবর্ণিত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।

<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th></tr>
<tr><td>উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন মেরামত</td><td>১৬৮৯৭২১/-</td></tr>
<tr><td>কৃষি অফিস ভবন মেরামত বাবদ</td><td>২১০০২৯৫/-</td></tr>
<tr><td>গেডেটেড ডরমেটরি ভবন মেরামত বাবদ</td><td>১৪৩৭২৮০/-</td></tr>
<tr><td>নন গেজেটেড ডরমেটরি ভবন মেরামত বাবদ</td><td>১১১৪৯৬২/-</td></tr>
<tr><td>গেজেটেড আবাসিক ভবন মেরামত</td><td>৯১৭৭৫৯/-</td></tr>
<tr><td>নন গেজেটেড আবাসিক ভবন(মল্লিকা)মেরামত</td><td>১১৩৬২৩৮/</td></tr>
<tr><td>নন গেজেটেড আবাসিক ভবন (মাধবী) মেরামত</td><td>১১১৮২৮৯/-</td></tr>
<tr><td>নন গেজেটেড আবাসিক ভবন (ডালিয়া) মেরামত</td><td>১১১০৮৫৯/-</td></tr>
<tr><td>উপজেলা পরিষদের অভ্যান্তরীণ রাস্তা মেরামত</td><td>১৭৮৮২৯১/-</td></tr>
<tr><td>উপজেলা পরিষদের অভ্যান্তরীণ ড্রেণ নির্মাণ</td><td>২১০৩৮০৫/-</td></tr>
<tr><td></td><td>১৪৫১৭৪৯৯/-</td></tr>
</table>
প্রস্তুতকৃত প্রাক্কলন অনুযায়ী বরাদ্দ আনায়নের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td><td>২০২৪-২০২৫ অর্থ এডিপি/উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্প তালিকা দ্রুততম সময়ের মধ্যে দাখিল নিশ্চিত করতে হবে।

২। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বাসাবাড়ী মেরামত খাতের আওতায় আবাসিক ভবন মল্লিকা এর ছাদ এবং উপরতলার একটি ইউনিট মেরামতের জন্য একটি পিআইসি গঠনের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

৩। বিস্তারিত আলোচনান্তে প্রস্তুতকৃত প্রাক্কলন অনুযায়ী বরাদ্দ আনায়নের জন্য মাসিক সভার কার্যবিবরণী, উপজেলা রাজস্ব তহবিল হিসাবের ব্যাংক স্টেটমেন্টসহ স্থানীয় সরকার বরাবর প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, উল্লাপাড়া

সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, উল্লাপাড়া

উপজেলা প্রকৌশলী উল্লাপাড়া

উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া</td></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া

সভায় উপস্থিত উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া জানান আগামী</td><td></td><td>উপজেলা শিক্ষা</td></tr>
</table>

	০২/১১/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত উল্লাপাড়া মার্চেন্টস পাইলট সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে কাব ক্যাম্পুরি অনুষ্ঠিত হবে। কাব ক্যাম্পুরি সফল করতে উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	ক্লাস্টার ভিত্তিক বিদ্যালয় পরিদর্শন কাজ নিবিড় তদারকি নিশ্চিত করতে হবে।	কর্মকর্তা, উল্লাপাড়া
০৯	**উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া জানান ২০২৫ শিক্ষাবর্ষের এসএসসি পরীক্ষার্থীদের টেস্ট পরীক্ষা চলমান। অন্যান্য ক্লাস স্বাভাবিকভাবে চলছে। ৫১তম গ্রাষ্মকালীন খেলাধুলা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। ২০২৫ সালের পাঠ্যবইয়ের চাহিদাপত্র প্রেরণ করা হয়েছে।	বিদ্যালয় পরিদর্শন প্রতিবেদন নিয়মিত মাসিক সভায় উপস্থাপিত হচ্ছে না। আগামীতে সভায় বিদ্যালয় পরিদর্শন প্রতিবেদন উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া
১০	**উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া** ২০২৪-২০২৫ অর্থ বছরের বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী, হিজরা ও অনগ্রসর জনগোষ্ঠীর ভাতাভোগী, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি ও অনগ্রসর জনগোষ্ঠীর জন্য শিক্ষা উপবৃত্তির প্রথম কিস্তির পেরোল প্রেরণ করা হয়েছে।	ভাতা বিতরণে ভাতাভোগীদের দুর্ভোগ কমাতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া
১১	**উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া** সভায় উপস্থিত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া জানান চলতি অর্থ বছরে যুব ঋণ বিতরণ ৬১০০০০/- টাকা। ক্রমপুঞ্জিত যুব ঋণ বিতরণ ৫৪১৮০০০০/- টাকা। আদায়যোগ্য ঋণের পরিমান ২৫১৫১০/- টাকা। প্রতিবেদনাধীন মাসে আদায়কৃত ঋণের পরিমান ২১০০০০/- টাকা। যুব প্রশিক্ষণ পুরুষ ৩৪৮১, মহিলা ২৬৫৭ জন, আত্মকর্মী পুরুষ ২৯২৯ জন, মহিলা ৯৯৪ জন। সোনার বাংলা আশ্রয়ণ ও ঘোষগাতী আশ্রয়ণ - ২ প্রকল্পের উপকারভোগীদের কুইক উইন প্রকল্পের আওতায় ৩৮ জনকে ১০দিন ব্যাপী স্থানীয় চাহিদার ভিত্তিতে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ধরইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গাভী পালন প্রশিক্ষণ ৩০ জন যুব পুরুষ ও যুব মহিলা অংশগ্রহণ করেন। উল্লাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ব্লক ও বাটিক ৩০ জন যুব মহিলা অংশ গ্রহণ করেন।	আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের চাহিদার ভিত্তিতে প্রশিক্ষণ প্রদান এবং কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে অগ্রাধিকার ভিত্তিতে কাজ করতে হবে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া
১২	**উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া জানান উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের আওতায় মোট ০৪টি সমিতি/দলের মোট ৭২ জন সদস্যের মাঝে ঋণ বিতরণ করা হয়েছে ১৬৬৩০০০/- টাকা এবং ঋণ আদায় হয়েছে ৯২৩০০০/- টাকা। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের অগ্রাধিকার ভিত্তিকে ঋণ প্রদান করতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া
১৩	**উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া** উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া জানান পূর্বের নিবন্ধনকৃত ১১টি আশ্রয়ণ প্রকল্পের সমবায় সমিতি রয়েছে এই সমিতিগুলোর প্রশিক্ষণ এবং ঋণ বিতরণ করা হয়েছে এবং আদায় প্রক্রিয়া চলমান রয়েছে। এছাড়া আরও ০৬টি আশ্রয়ণ-২ প্রকল্প সমবায় সমিতির নিবন্ধন করা হয়েছে। এই ০৬টি সমিতির কোন প্রশিক্ষণ এবং ঋণ পাওয়া যায় নাই। ঋণ বরাদ্দ পাওয়া গেলে প্রশিক্ষণ এবং ঋণ বিতরণ করা হবে।	আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের অগ্রাধিকার ভিত্তিকে ঋণ প্রদান করতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া
১৪	**উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া** সভায় উপস্থিত উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া জানান ভিডাব্লিউবি কর্মসূচির বিষয়ে কোন নির্দেশনা এখনও পর্যন্ত পাওয়া যায়নি। নির্দেশনা পাওয়া মাত্র কার্যক্রম গ্রহন করা হবে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রতিটি ইউনিয়নে ০৫জন করে বরাদ্দ পাওয়া গেছে। সুবিধাভোগীদের জন্য মনোনয়ন তালিকা জরুরী	বাল্য বিবাহের প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম জোরদার করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া

<table>
<tr>
<td></td>
<td>ভিত্তিতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জমা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।
বাল্য বিবাহ প্রতিরোধে উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের তৎপরতা বৃদ্ধি করা হয়েছে। প্রতিবেদনাধীন মাসে উপজেলায় কোন বাল্য বিবাহের তথ্য পাওয়া যায়নি।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td>সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া

উপস্থিত সহকারী প্রকৌশলী, বিএডিসি জানান বিএডিসি উল্লাপাড়া অফিসের আওতায় বর্তমানে প্রায় ২৫০টি সেচ স্কীম পরিচালিত হচ্ছে। বর্তমানে সেচ সংযোগ প্রদানের জন্য প্রাপ্ত আবেদনের বিষয়ে তদন্ত কার্যক্রম চলমান আছে।</td>
<td>সেচ সংযোগের জন্য আবেদনের ভিত্তিতে তদন্ত কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। সেচ সংক্রান্ত অভিযোগের তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে দ্রুততম সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তি করতে হবে।</td>
<td>সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, উল্লাপাড়া

শিক্ষা প্রকৌশল অধিদপ্তর উল্লাপাড়া এর অধীনে সকল কাজ চলমান আছে। নতুন বরাদ্দকৃত কাজের মাঝে বেশকিছু প্রতিষ্ঠানের টেন্ডার প্রক্রিয়াধীন। বিএমএস টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এর ফাউন্ডেশনের কাজে ঝুকির কারণে কাজটি বন্ধ ছিল আগামী সপ্তাহে পুনরায় কাজটি শুরু করা হবে।</td>
<td>নির্মাণ কাজে নিবিড় তদারকি নিশ্চিত করতে হবে। কাজের গুনগত মান নিশ্চিত হয়ে চুড়ান্ত বিল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>উপ সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল বিভাগ, উল্লাপাড়া</td>
</tr>
<tr>
<td>১৭</td>
<td>উপজেলা পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনা ঃ
উপজেলা পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনা করা হয়। আলোচ্য অক্টোবর/২০২৪ মাসে সম্ভাব্য মোট ২,২৫,০০০/- টাকা রাজস্ব খাতে আয় হবে এবং নিম্নোক্ত বিতরণী অনুযায়ী ব্যয় হবে।
<table>
<tr><th>ব্যয়ের বিবরণ</th><th>টাকার পরিমান</th></tr>
<tr><td>অক্টোবর ২০২৪ মাসের বিদ্যুৎ বিল</td><td>৩৯৮১৫</td></tr>
<tr><td>আপ্যায়ন বিল</td><td>৩০০০০</td></tr>
<tr><td>আনুষাংগিক বিল</td><td>৫০০০</td></tr>
<tr><td>মালি, উপজেলা পরিষদ এর পারিশ্রমিক</td><td>১৬৫০০</td></tr>
<tr><td>সুইপার, উপজেলা পরিষদ এর পারিশ্রমিক</td><td>১৫০০০</td></tr>
<tr><td>উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে টুকিটাকি মেরামত বাবদ</td><td>২৫০০০</td></tr>
<tr><td>আবাসিক ভবন ডালিয়াতে টুকিটাকি মেরামত বাবদ</td><td>২৫০০০</td></tr>
<tr><td>২০২৪-২০২৫ অর্থ বছরে পৌর কর বাবদ</td><td>৪৯৯৫০০</td></tr>
</table>
উক্ত ব্যয় যথাযথ হওয়ায় তা পরিশোধ করা প্রয়োজন।</td>
<td>আলোচ্য অক্টোবর, ২০২৪ মাসের ব্যয় যথাযথ হওয়ায় তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>হিসাব সহকারী, ইউএনও অফিস</td>
</tr>
<tr>
<td>১৮</td>
<td>প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব), উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া ঃ
১। উপজেলার সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার জন্য পুনরায় অনুরোধ জানান।
২। বাল্য বিবাহ প্রতিরোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে তাদের প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের বাল্য বিবাহ প্রতিরোধে নিয়মিত খোজ খবর নিতে হবে। বাল্য বিবাহ প্রতিরোধে উপজেলার প্রতিটি ইউনিয়নে গঠিত কিশোর কিশোরী ক্লাবের সদস্যদের সক্রিয় করতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

৩। ইউনিয়ন পরিষদে চেয়ারম্যান অনুপস্থিত থাকলে প্যানেল চেয়ারম্যান এর মাধ্যমে বিধি মোতাবেক গ্রাম আদালত পরিচালনা, জন্ম নিবন্ধন সংক্রান্ত কাজ ও অন্যান্য সেবামূলক কাজ পরিচালনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি সচিবদের দায়িত্ব প্রদান করা হয়।</td>
<td>বিভাগীয় কর্মকর্তাগণ তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করণ নিশ্চিত করবেন।

বাল্য বিবাহ প্রতিরোধে উপজেলার সকল মাধ্যমিক বিদ্যালয়ের নারী শিক্ষার্থীদের বিষয়ে নিয়মিত খোজ খবর রাখতে হবে

চেয়ারম্যানের অনুপস্থিতিতে প্যানেল চেয়ারম্যানের মাধ্যমে বিধি মোতাবেক সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে</td>
<td>বিভাগীয় কর্মকর্তাগণ

সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ, উল্লাপাড়া

ইউপি সচিব (সকল), উল্লাপাড়া</td>
</tr>
</table>

	৪। ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি/রাজস্ব উদ্বৃত্ত খাতে প্রকল্প তালিকা উপজেলার মোট ১৪টি ইউনিয়নে মধ্যে ০৮টি ইউনিয়ন হতে পাওয়া গেছে। অবশিষ্ট ০৬টি ইউনিয়ন হতে দ্রুততম সময়ের মধ্যে প্রকল্প তালিকা প্রেরণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।	২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি/রাজস্ব উদ্বৃত্ত খাতে প্রকল্প তালিকা জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদে প্রেরণ নিশ্চিত করতে হবে।	ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২৯/১০/২৪
(আবু সালেহ্ মোহাম্মদ হাসনাত)
প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব), উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

স্মারক নম্বর : ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০৬.০০২.২৪-১২৫২ তারিখ : ২৯-১০-২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৩। উপজেলা --কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৪। চেয়ারম্যান, -- উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৫। অফিস কপি।

২৯/১০/২৪
আবু সালেহ্ মোহাম্মদ হাসনাত
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ